25 NO WARD
RAMPUR

ABDUS SABUR LITON
1 No. Panel Mayor & Councilor
25 No Rampur Ward
Chattogram City Corparation
Mobile : 01611-280028

আবদুস সবুর লিটন
১নং প্যানেল মেয়র ও কাউন্সিলর
২৫নং রামপুর ওয়ার্ড
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
মোবাইলঃ ০১৬১১-২৮০০২৮



তারিখঃ ১৪/১২/২৩

*** আলহাজ্ব আবুল কাশেম, সদস্য, (সুশীল সমাজ প্রতিনিধি)ঃ-**
তাঁহার বক্তব্যে জানান যে, ২৫নং রামপুর ওয়ার্ড পরিচ্ছন্ন বিভাহে দীর্ঘদিন আগে প্রদানকৃত বিন সমূহ নষ্ট হয়ে গেছে। বর্তমানে বিন স্বল্পতার দরুন নাগরিকরা পলিথিন ব্যাগ ব্যবহার করে যত্র-তত্র ময়লা আবর্জনা ফেলছে। এতে করে এলাকার পরিবেশ দূষিত হচ্ছে। তিনি নতুন করে এলাকায় পরিচ্ছন্ন বিন এবং পরিবেশ বান্ধব ব্যাগ তৈরি করে তা এলাকায় বিতরণের দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন।

*** মোঃ আনিসুর রহমান, সদস্য, (নিম্ন আয়ের প্রতিনিধি)ঃ-**
তাঁহার বক্তব্য প্রদান করার অনুমতি প্রদান করায় কাউন্সিলর ও সভাপতি মহোদয়কে ধন্যবাদন জানান। তিনি বলেন ২৫নং রামপুর ওয়ার্ডে জনসাধারণ বৈদ্যুতিক সমস্যায় ভূগছে। বিশেষ করে ওয়ার্ডে গেলে টিউব, বাল্ব একং তারসহ অন্যান্য জিনিস সিটি কর্পোরেশন থেকে দেওয়া হচ্ছে না বা সপ্লাই খুব সীমিত বলে জানান। এতে এলাকায় বৈদ্যুতিক মালামা কম সাপ্লাই থাকায় এলাকার জনসাধারণ সঠিক সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। তিনি সম্মানিত সভাপতির মাধ্যমে ওয়ার্ডের জন্য পর্যাপ্ত মালামাল বৈদ্যুতিক বিভাগ থেকে সরবরাহের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন।

*** জেনিফার আলম, সদস্য, (নারী প্রতিনিধি)ঃ-**
শুরুতে তিনি জানান যেম ২৫নং রামপুর ওয়ার্ডে নারী নির্যাতন হচ্ছে। এখানে দেখা যাচ্ছে বিভিন্ন বয়সী নারীদে অভিভাবকরা তাড়াতাড়ি বিয়ে দিয়ে দেওয়ায় তাদের মধ্যে কিছু কিছু আবার দ্রুত বিবাহ বিচ্ছেদ এবং নারী নির্যাতনের শিকার হচ্ছে। আইন শৃঙ্খলা বাহিনীকে বিভিন্ন সময় মামলা করলে আইনের ফাকে বেড়িয়ে আসছে। এ ব্যাপারে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্ডে উঠান ভিত্তিক নারী সমাবেশ অন্তত ত্রৈমাসিক হিসেবে করনের নিমিত্তে ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত সভাপতি বরাবরে অনুরোধ করেন।

*** অঞ্জন চক্রবর্তী, সদস্য সচিব, (২৫নং রামপুর ওয়ার্ড, ওয়ার্ড সচিব)ঃ-**
সকলের বক্তব্য উপস্থাপন পরবর্তী অদ্যকার সভার উপস্থাপক ওয়ার্ড সচিব ও সদস্য সচিব WLCC কমিটি উপস্থিত সকলকে অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য কাউন্সিলর মহোদয়ের পক্ষ থেকে ধন্যবাদ জানান এবং উপস্থাপিত বিভিন্ন বিষয়ের আলোকে অদ্যকার সভাপতির সমাপনী বক্তব্য পেশে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য WLCC কমিটির মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অনুরোধসহ দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবেন মর্মে অদ্যকার সভার সভাপতি মহোদয়কে সভার সমাপনি বক্তব্য প্রদানের অনুরোধ জানিয়ে তাহার বক্তব্য শেষ করেন।

*** আবদুস সবুর লিটন, সভাপতি (WLCC) ও (কাউন্সিলর ২৫নং রামপুর ওয়ার্ড, চসিক)ঃ-**
সভার সভাপতি তাঁহার বক্তব্যে দীর্ঘদিন পর ডখঈঈ ওয়ার্ড কমিটি মাধ্যমে ২৫নং রামপুর ওয়ার্ডের বিভিন্ন সমস্যা নিয়ে বক্তব্য উপস্থাপন করায় সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন এলাকার উন্নয়নে তাহার সর্ব্বাত্মক সহযোগিতা থাকলেও সরকার ও চসিক এর আর্থিক অস্বচ্ছলতার কারণে বিভিন্ন উন্নয়নমুখী কর্মকান্ড বাধাগ্রস্থ হচ্ছে। তিনি উপস্থিত সকলের সমস্যা সমূহ চিহ্নিত করেন এবং তাহা কার্যবিবরণীতে উপস্থাপনের মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশন থেকে দ্রুত অনুমোদনের জন্য পেশ করবেন মর্মে উপস্থিত সকলের দীর্ঘয়ু ও সু-স্বাস্থ্য কামনা করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

"চলমান পাতা - ০৩"

25 NO WARD
RAMPUR

ABDUS SABUR LITON
1 No. Panel Mayor & Councilor
25 No Rampur Ward
Chattogram City Corparation
Mobile : 01611-280028

আবদুস সবুর লিটন
১নং প্যানেল মেয়র ও কাউন্সিলর
২৫নং রামপুর ওয়ার্ড
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
মোবাইলঃ ০১৬১১-২৮০০২৮



সূত্রঃ চসিক/২৩ রামপুর/২৫ (৪২৯)। তারিখঃ ১৪/১২/২৩

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
২৫নং রামপুর ওয়ার্ড
ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি
(WLCC)
চট্টগ্রাম

সভার তারিখ ও সময় ঃ ১৪ইং ডিসেম্বর ২০২৩, সময়ঃ সকাল-১১.০০ ঘটিকা
স্থান ঃ ওয়ার্ড কার্যালয় অফিস
সভাপতি ঃ আবদুস সবুর লিটন
সম্মানিত ১নং প্যানেল মেয়র ও কাউন্সিলর
২৫নং রামপুর ওয়ার্ড, চট্টগ্রাম সিটি কর্পোরেশন

আলোচ্যসূচীঃ (ক) পরিচ্ছন্ন কার্যক্রম সর্ম্পকে আলোচনা (খ) হোল্ডিং ট্যাক্স সম্পর্কে আলোচনা (গ) রাস্তা ও নালা নর্দমার সংস্কার কার্যক্রম আলোচনা (ঘ) বৈদ্যুতিক বিষয়ে আলোচনা (ঙ) আইন-শৃঙ্খলা বিসয়ে আলোচনা (চ) বিবিধ বিষয় আলোচনা।
সভার শুরুতে ১নং প্যানেল মেয়র ও ২৫নং রামপুর ওয়ার্ডের কাউন্সিলর ও WLCC কমিটির সম্মানিত সভাপতি জনাব আবদুস সবুর লিটন কো-অর্ডিনেশন কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দকে সভায় উপস্থিত থাকায় ধন্যবাদ জ্ঞাপন করেন। উপরোক্ত বিষয়ের আলোকে সম্মানিত সদস্যবৃন্দকে তাহাদের বক্তব্য উপস্থাপনের আহ্বান জানান।

*** শাহাদাত হোসেন সাদেক, সদস্য, (নিম্ন আয়ের প্রতিনিধি)ঃ-**
তাঁহার বক্তব্য জানান যে, ২৫নং রামপুর ওয়ার্ডের অন্তর্গত বয়স্ক এবং প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত নাগরিকগণ প্রয়োজনের তুলনায় ভাতার সম্মানী অপ্রতুল্য এবং ওয়ার্ড ভিত্তিক ভাতা প্রদানের কোটা খুবই কম। অন্যদিকে শহরে বিধবা ভাতা প্রদান না করায় শহরে স্বামী পরিত্যক্ত বিধবা নারীগণ ভাতা থেকে বঞ্চিত হচ্ছেন। এ বিষয়ে আগামী বয়স্ক প্রতিবন্ধী ভাতার সম্মানী বৃদ্ধি এবং ওয়ার্ড ভিত্তিক কোটা বর্ধিক করন এবং বিধবা ভাতা প্রদানের জন্য সভাপতির মাধ্যমে অনুরোধ জানিয়ে তাঁহার বক্তব্য শেষ করেন।

*** মাঈনুদ্দীন শাহ খোকন, সদস্য, পেশাজীবি প্রতিনিধি)ঃ-**
বক্তব্যের শুরুতে তিনি সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানিয়ে তাঁহার বক্তব্যে জানান যে, গরীব ও দুঃস্থ জনসাধারণ বর্তমানে শীত মৌসুমে রাস্তা-ঘাটে উপযুক্ত স্থানে খোলা আকাশের নীচে বসবাস করছেন। তীব্র শীতের কারণে তাহাদের বসবাসের জন্য কম্বলসহ অন্যান্য শীতবস্ত্র বিতরণ করা সরকারীভাবে প্রয়োজন। এ ব্যাপারে সরকারের উচ্চ পর্যায়ে এবং দানশীল ব্যক্তিগণের মাধ্যমে নিম্নবৃত্তের মানুষের মাঝে কম্বলসহ শীতবস্ত্র বিতরণের অনুরোধ জানিয়ে তাহার বক্তব্য শেষ করেন।

"চলমান পাতা-০২"

25 NO WARD
RAMPUR

ABDUS SABUR LITON
1 No. Panel Mayor & Councilor
25 No Rampur Ward
Chattogram City Corparation
Mobile : 01611-280028

আবদুস সবুর লিটন
১নং প্যানেল মেয়র ও কাউন্সিলর
২৫নং রামপুর ওয়ার্ড
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম
মোবাইলঃ ০১৬১১-২৮০০২৮

সূত্রঃ চসিক/২৩,রামপুর/২৫ (৪১৯) তারিখঃ ১১/১২/২৩

## সভার বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনস্থ ২৫নং রামপুর ওয়ার্ডের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) মাসিক সভার নোটিশ।

প্রিয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম, ২৫নং রামপুর ওয়ার্ডস্থ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (WLCC) সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪/১২/২৩ইং রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় ওয়ার্ড কার্যালয়স্থ কাউন্সিলর কক্ষে অনুষ্ঠিত হইবে। উক্ত সভায় যথাসময়ে সকলকে উপস্থিত থাকার জন্য সদয় অনুরোধ জানানো যাচ্ছে।

* সভার আলোচ্য বিষয় সমূহঃ-

ক) ওয়ার্ডের পরিচ্ছন্নতা কার্যক্রম সর্ম্পকে আলোচনা।

খ) চসিক হোল্ডিং ট্যাক্স আদায়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গ) ২৫নং রামপুর ওয়ার্ডের অসমাপ্ত রাস্তার বিষয়ে আলোচনা।

ঘ) বৈদ্যুতিক কর্মকান্ড বিষয়ে আলোচনা।

ঙ) আইন-শৃঙ্খলা বিষয়ে আলোচনা

চ) বিবিধ।

ধন্যবাদান্তে,

11.12.23

আবদুস সবুর লিটন
১নং প্যানেল মেয়র ও কাউন্সিলর
২৫ নং রামপুর ওয়ার্ড
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম